ছেলে হোক, মেয়ে হোক,
দুটি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমসিএইচ-সার্ভিসেস ইউনিট
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.dgfp.gov.bd

স্মারক নং : ৫৯.১১.০০০০.৪৫১.২৫.০০৪.২১. ৯৫৭ তারিখঃ ০১.০২.২০২৩খ্রি:

বিষয়ঃ ০৬ (ছয়) মাস মেয়াদী "মিডওয়াইফারী স্কিল" প্রশিক্ষণের জন্য পরিবার কল্যাণ পরিদর্শিকাদের নির্বাচনী সাক্ষাৎকারে অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সারাদেশে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিশেষায়িত হাসপাতাল, মা ও শিশু কল্যাণ কেন্দ্র এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে ২৪/৭ (সার্বক্ষনিক) নিরাপদ প্রসব সেবা নিশ্চিত করার লক্ষ্যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কর্মরত পরিবার কল্যাণ পরিদর্শিকাদের ০৬ (ছয়) মাসব্যাপী "মিডওয়াইফারী স্কিল" বিষয়ক প্রশিক্ষন, ০৩ (তিন) টি ব্যাচে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল ও কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে প্রদানের ব্যবস্থা করা হয়েছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন এমসিএইচ-সার্ভিসেস ইউনিটের আওতায়, রাজস্ব অর্থায়নে এ প্রশিক্ষণ কার্যক্রম চলবে।

এমতাবস্থায়, নিম্নবর্নিত শর্ত অনুসরন করে আপনার জেলার সহকারী পরিচালক (সিসি) ও রিজিওনাল/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট (এফপিসিএস-কিউআইটি)/সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)/মেডিকেল অফিসার (সিসি)/মেডিকেল অফিসার (ক্লিনিক)/ মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এর সাথে আলোচনাক্রমে পরিবার কল্যাণ পরিদর্শিকাদের মনোনয়নপূর্বক নামের তালিকা আগামী ২৩/০২/২০২৩ খ্রি: এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে প্রশিক্ষণের জন্য মনোনিত পরিবার কল্যাণ পরিদর্শিকাদের নির্বাচনী সাক্ষাৎকার নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে এবং সাক্ষাৎকারের তারিখ জানিয়ে দেয়া হবে।

**শর্তসমূহঃ (সাধারন) :**

১. প্রশিক্ষণার্থীর বয়স অনুর্ধ্ব- ৫০ (পঞ্চাশ) বৎসর হতে হবে।
২. যে সকল কেন্দ্রে একজন স্যাকমো ও একজন এফডব্লিউভি কর্মরত আছেন, অথবা ২ জন পরিবার কল্যাণ পরিদর্শিকা কর্মরত আছেন সে সকল কেন্দ্রের পরিবার কল্যাণ পরিদর্শিকাকে অগ্রাধিকার দিতে হবে।
৩. নবনিযুক্ত পরিবার কল্যাণ পরিদর্শিকাদের অগ্রাধিকার দেয়া হবে।
৪. কেন্দ্রটি ঘনবসতিপূর্ণ এলাকা বা দূর্গম এলাকায় অবস্থিত হলে নির্বাচনের জন্য অগ্রাধিকার দেয়া হবে।
৫. প্রশিক্ষণার্থীদের ছোট জীবিত সন্তানের বয়স কমপক্ষে তিন বছর হতে হবে।
৬. পরিবার কল্যাণ পরিদর্শিকা গর্ভবতী থাকলে অথবা অসুস্থ হলে তাঁকে নির্বাচন করা যাবে না।
৭. ইতিপূর্বে ইওসি/মিডওয়াইফারী প্রশিক্ষণ গ্রহণ করেছেন এমন প্রার্থীদের নির্বাচন করা যাবে না।
৮. প্রশিক্ষণ গ্রহণ করতে আগ্রহী এবং প্রশিক্ষণ পরবর্তী সময়ে স্ব স্ব কর্মস্থলে অবস্থান করে সেবা প্রদানে আগ্রহী এমন পরিবার কল্যাণ পরিদর্শিকাকে নির্বাচন করতে হবে।
৯. নির্বাচিত পরিবার কল্যাণ পরিদর্শিকাকে মনোনিত কেন্দ্রে প্রশিক্ষণের জন্য ন্যাস্ত করা হলে প্রশিক্ষণস্থলে সার্বক্ষনিক অবস্থানপূর্বক ০৬ মাসের পূর্ণকালীন প্রশিক্ষণ গ্রহণে বাধ্য থাকবেন।
১০.পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ বাছাই কমিটির সম্মুখে নির্বাচনের নিমিত্তে উপস্থিত হওয়ার সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসহ চাকুরী ও পোস্টিং সংক্রান্ত কাগজপত্র সংগে আনতে হবে।

**অন্যান্য শর্তসমূহঃ**

নির্বাচিত প্রার্থীকে ৩০০ (তিন শত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্পে ০২ (দুই) জন গেজেটেড কর্মকর্তার গ্যারান্টিসহ চুক্তিনামায় স্বাক্ষর করতে হবে, এই মর্মে যে,

ক) ২৪ ঘন্টা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের বাসস্থানে অবস্থান করে দায়িত্ব পালন করবেন।
খ) প্রশিক্ষণের পর যে সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ (সার্বক্ষনিক) নিরাপদ প্রসব সেবা প্রদান করা সম্ভব সে সকল কেন্দ্রে বদলী/পদায়ন করা হবে।
গ) প্রশিক্ষণের পর নির্বাচিত কেন্দ্রে বদলী/পদায়ন করা হলে কোন তদবীর করতে পারবেন না।
ঘ) প্রশিক্ষণের পর ০৩ (তিন) বৎসরের মধ্যে কোন কারণে চাকুরী থেকে স্বেচ্ছায় অবসর গ্রহণ করলে প্রশিক্ষণ গ্রহনকারী, প্রশিক্ষণের যাবতীয় ভাতাদি ফেরত প্রদান করতে বাধ্য থাকবেন।

উল্লেখ্য যে, প্রশিক্ষণার্থী এফডব্লিউভিগণ প্রশিক্ষণকালীন সময়ে HPNSP এর বিধি মোতাবেক যাবতীয় ভাতাদী প্রাপ্য হবেন।

মহাপরিচালক মহোদয়, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর সদয় অনুমোদনক্রমে।

০৮/০২/২০২৩

(ডাঃ মোঃ মাহমুদুর রহমান)
পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) এবং
লাইন ডাইরেক্টর (এমসিআরএএইচ)
ফোনঃ ০২-৫৫০১২৩৫৮
E-mail: dirmchsfp@gmail.com

উপ-পরিচালক
পরিবার পরিকল্পনা (সকল)
-------------------------------- জেলা।

স্মারক নং : ৫৯.১১.০০০০.৪৫১.২৫.০০৪.২১. ৯৫৭ (৭১)

তারিখঃ ০৯.০২.২০২৩খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
২. পরিচালক, পরিবার পরিকল্পনা, (সকল) বিভাগ –**দ্রুত প্রেরণের নিশ্চিতকরণের অনুরোধ সহ**
৩. পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল/ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল/কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল।
৪. পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা/এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা/এমসিএইচটিআই, লালকুঠি, মিরপুর, ঢাকা।
৫. সহকারী পরিচালক (সিসি) ও রিজিওনাল/ডিস্ট্রিক্ট কনসালটেন্ট (এফপিসিএস-কিউআইটি) (সকল) অঞ্চল/জেলা- **উপপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করে দ্রুত প্রেরণের সহযোগিতা করণের অনুরোধ সহ**
৬. সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা) (সকল) জেলা।
৭. মেডিকেল অফিসার (সিসি) (সকল)/মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র (সকল) /মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) ...............উপজেলা ........ ......... জেলা।
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৯. অফিস কপি।

08-2-2023

(ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম প্রধান)
উপপরিচালক (এমসিএইচ) এবং
প্রোগ্রাম ম্যানেজার (মাতৃ-স্বাস্থ্য)